দৈনিক
ইনকিলাব

তারিখ 13 JAN 2015
পৃষ্ঠা ৩ কলাম ১

# আজ ঢাবির ৪৯তম সমাবর্তন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪৯তম সমাবর্তন আজ বিশ্ববিদ্যালয় শারীরিক শিক্ষা কেন্দ্রের খেলার মাঠে অনুষ্ঠিত হবে। সমাবর্তনে বক্তা হিসাবে থাকবেন জেনেভাভিত্তিক মেধাস্বত্ব সংগঠন (এয়রু ভড়ৎষফ ওহঃবষষবপঃধষ চৎড়ঢ়বৎঃু ঙৎমধহরুধঃরড়হ) (ডওচঙ)-এর মহাপরিচালক ফ্রান্সিস গারি। সমাবর্তনে তাঁকে ডক্টর অব লজ ডিগ্রি প্রদান করা হবে। সমাবর্তনে সভাপতিত্ব করবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রেসিডেন্ট ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি মো. আবদুল হামিদ। এবার সমাবর্তনে মোট ৬ হাজার ১০৪ জনকে ডিগ্রি প্রদান করা হবে। যার মধ্যে ২ হাজার ৭৩৭ জন ছেলে ও ৩ হাজার ৩৬৭ জন মেয়ে। এর মধ্যে পিএইচডি ৪২ জন, এমফিল ২০ জন, স্বর্ণপদক ২৯ জন, এমডি, এমএস ৪৯ জন, অনার্স ৩ হাজার ১৬০ জন, মাস্টার্স ৫৬৫ জন, এমবিবিএস ১ হাজার ৬২৫ জন, বিডিএস ৩১৯ জন, নার্সিং ও ফিজিওথেরাপী ১৮৬ জন, হোমিওপ্যাথিক ও আয়ুর্বেদিক ১০৯ জন। সমাবর্তনের কার্যক্রম ১১টা ৫৫ মিনিট থেকে ধারাবাহিকভাবে শুরু হবে।